ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯১৩
সোনামুড়া, ২৪ জুলাই, ২০২৫

**সাব মিশন অন এগ্রিকালচারাল ম্যাকানাইজেশন প্রকল্পে**
**৬০ জন কৃষককে মিনি পাওয়ার টিলার বিতরণ করা হয়েছে**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের কাঁঠালিয়া কৃষি মহকুমা কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি কাঁঠালিয়া ব্লকের অন্তর্গত উত্তর পাহারপুর গ্রাম পঞ্চায়েত এলাকার ৬০ জন কৃষকের মধ্যে ১টি করে মিনি পাওয়ার টিলার বিতরণ করা হয়েছে। সাব মিশন অন এগ্রিকালচারাল ম্যাকানাইজেশন প্রকল্পে এদিন উত্তর পাহাড়পুর এগ্রিকালচার স্টোর প্রাঙ্গণে বিধায়ক বিন্দু দেবনাথ সুবিধাভোগীদের হাতে এই মিনি পাওয়ার টিলারগুলি তুলে দেন। এই পাওয়ার টিলার বিতরণ অনুষ্ঠানে এছাড়াও কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানসহ কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****